সংবাদ

00023

তারিখ ... ২৬.৫.৮৫
পৃষ্ঠা ... ২ কলাম ১

# প্রাথমিক স্কুল উন্নয়নে আইডিএ সাহায্য দেবে

আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ) দেশের ৬০টি উপজেলার সরকারী প্রাথমিক স্কুলগুলোর সমন্বিত উন্নয়নে বাংলাদেশকে সাহায্য করবে। সরকারী সূত্রের বরাত দিয়ে গতকাল শুক্রবার এনা একথা জানায়।

স্কুলগুলোর উন্নয়নে চাহিদা এবং এই কর্মসূচী গ্রহণের জন্যে প্রয়োজনীয় আর্থিক সাহায্যের পরিমাণ নিরূপণের উদ্দেশে শিগগিরই বিশ্বব্যাংকের একটি মূল্যায়ন প্রতিনিধিদল বাংলাদেশ সফরে আসবেন।

স্কুল ভবন নির্মাণ, আসবাবপত্রের ব্যবস্থা করা ও শিক্ষকদের প্রশিক্ষদান এই কর্মসূচীর অন্তর্ভুক্ত।

দেশে প্রাথমিক স্কুলের উন্নয়নে এটা হবে আইডিএ'র সহায়তায় গৃহীত এ ধরনের দ্বিতীয় কর্মসূচী। প্রথম কর্মসূচীর আওতায় ৪০টি উপজেলার ৪ হাজার ৩৬টি প্রাথমিক স্কুলের উন্নয়ন চলছে। ওই কর্মসূচীর জন্যে আইডিএ ইতিমধ্যেই ৮০ কোটি টাকা দিয়েছে।